গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd



নম্বর-৩৪.০১.০০০০.০০৫.৫৩.০২০.১৮- ১৫৮০

তারিখ : ০৮ ভাদ্র ১৪৩৩ / ২৬ আগস্ট ২০২৬

বিষয়ঃ আয়ন-ব্যয়ন কর্মকর্তা নিয়োগ।

যুব উন্নয়ন অধিদপ্তর, নারায়ণগঞ্জ জেলা কার্যালয়ের প্রাক্তন সহকারী পরিচালক মরহুম মোঃ ইলিয়াস উদ্দিন কর্মরত অবস্থায় ২৮/০৬/২০১৩খ্রি. তারিখে মৃত্যুবরণ করেন। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ০৭ সেপ্টেম্বর ২০১৪ তারিখের ৩৭৯ নং আদেশে লাম্পগ্রান্টসহ তাঁর পারিবারিক পেনশন মঞ্জুরী প্রদান করা হয়। পরবর্তীতে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ১/১/২০২৬ তারিখের ৩৬৭ সংখ্যক আদেশে তার অনুকূলে ৫০% সিলেকশন গ্রেড মঞ্জুরী প্রদান করা হয়। তাঁর পেনশন সংক্রান্ত বকেয়া আর্থিক সুবিধা উত্তোলনের লক্ষ্যে এ নিমিত্ত মৃত্যুর অব্যবহিত পূর্বের তারিখে মূলবেতন পুনঃনির্ধারণ করা প্রয়োজন। সে লক্ষ্যে মরহুমের স্ত্রী বেগম খালেদা সুলতানা আয়ন-ব্যয়ন কর্মকর্তা নিয়োগের জন্য আবেদন করেছেন। তাঁর আবেদনের প্রেক্ষিতে মরহুম মোঃ ইলিয়াস উদ্দিন এর পেনশন সংক্রান্ত বকেয়া আর্থিক সুবিধা উত্তোলনের লক্ষ্যে মৃত্যুর অব্যবহিত পূর্বের তারিখে মূলবেতন পুনঃনির্ধারণসহ অন্যান্য আনুষাঙ্গিক কার্যাদি সম্পন্ন করার জন্য নারায়ণগঞ্জ জেলা কার্যালয়ের উপপরিচালক বেগম হাসিনা মমতাজ কে আয়ন-ব্যয়ন কর্মকর্তা নিয়োগ করা হলো।

০২। মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

২৬.০৮.২০২৬
মোঃ আতিকুর রহমান
উপপরিচালক (প্রশাসন-১)
ফোন : ২২৬৬৪২২০৫

নম্বর-৩৪.০১.০০০০. ০০৫.৫৩.০২০.১৮- ১৫৮০

তারিখ : ০৮ ভাদ্র ১৪৩৩ / ২৬ আগস্ট ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে :

০১। পরিচালক -------------------------------- (সকল) যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০২। উপপরিচালক (অর্থ) , যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৩। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, নারায়ণগঞ্জ জেলা।
০৪। প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৫। জেলা অ্যাকাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসার, ------------------------------ (সংশ্লিষ্ট) জেলা।
০৬। বেগম খালেদা সুলতানা, স্বামী মরহুম মোঃ ইলিয়াস উদ্দিন, বিল্ডিং নং ১০, ন্যাশনাল হাউজিং কমপ্লেক্স, এভিনিউ-২, সেকশন-২, মিরপুর, ঢাকা, মোবাইল নং-০১৭১৮-৫৬৫০৭১ ।
০৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৮। পরিচালক (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

২৬.০৮.২০২৬
মোঃ জাকারিয়া জামিল
সহকারী পরিচালক (প্রশাসন-১)
ফোন: ২২৩৩৮০৭৫৩